

🗏 আল-কলম | Al-Qalam | ٱلْقَلَم

আয়াতঃ ৬৮:৩

💵 আরবি মূল আয়াত:

وَ إِنَّ لَكَ لَاجِرًا غَيرَ مَمنُونٍ ﴿٣﴾

আর নিশ্চয় তোমার জন্য রয়েছে অফুরন্ত পুরস্কার। — আল-বায়ান তোমার জন্য অবশ্যই আছে অফুরন্ত পুরস্কার, — তাইসিরুল তোমার জন্য অবশ্যই রয়েছে নিরবচ্ছিন্ন পুরস্কার। — মুজিবুর রহমান

And indeed, for you is a reward uninterrupted. — Sahih International

৩. আর নিশ্চয় আপনার জন্য রয়েছে নিরবচ্ছিন্ন পুরস্কার,

তাফসীরে জাকারিয়া

(৩) তোমার জন্য অবশ্যই রয়েছে নিরবচ্ছিন্ন পুরস্কার। [1]

[1] নবুঅতের দায়িত্ব পালন করতে গিয়ে যত কষ্ট তুমি সহ্য করেছ এবং শক্রদের (ব্যথাদায়ক) যত কথা তুমি শুনেছ, সে সবের বিনিময়ে মহান আল্লাহর পক্ষ হতে অশেষ প্রতিদান তুমি লাভ করবে। مَنْ এর অর্থ বিচ্ছিন্ন করা। غَير مَمَنُون অর্থঃ নিরবচ্ছিন্ন, অশেষ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5274

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন